AP

ই-মেইল ও বাহক মারফত প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
(সাধারণ শাখা)
www.chuadanga.gov.bd

স্মারক নং-০৫.৪৪.১৮০০.১০৪.০৬.০০১.১৮- ১০০৯ (১০০), তারিখ : ১৭ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ। ০২ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয় : অক্টোবর/২০১৮ মাসের জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভার নোটিশ।

সূত্র : (১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.৫১৪.০০৬.০৩.০০.০০৯.২০১৩-৫৯, তারিখ ১৫-০১-২০১৫ খ্রিঃ।
(২) অত্রাফিসের পত্র নং-০৫.৪৪.১৮০০.১০০.০৬.০০১.১৮-২৩৮ (৩০), তারিখঃ ২৯-০৯-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২১-১০-২০১৮ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ টায় জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে অক্টোবর/২০১৮ মাসের জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হবে।

নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিতি এবং মাসিক কার্যপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ জসিম উদ্‌দীন)
পরিচিতি নং-১৫৬৪৫
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
চুয়াডাঙ্গা
ও
সদস্য সচিব
জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি।
☎ : ০৭৬১-৬৩১১১

প্রাপক: ....

....

....।

অনুলিপি :

০১। সহকারী প্রোগ্রামার, চুয়াডাঙ্গা। তাকে কার্যবিবরণীটি জেলার ওয়েব সাইডে আপলোড করাসহ সকল সরকারি দপ্তরের ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
(সাধারণ শাখা)
www.chuadanga.gov.bd

চুয়াডাঙ্গা জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সেপ্টেম্বর/২০১৮ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ জিয়াউদ্দীন আহমেদ, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
তারিখ : ১৬ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ টা

(উপস্থিত অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক " তে দেখানো হলো)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও পরিচয় পর্বের মাধ্যমে কার্যক্রম শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণীতে কোন বিভাগে কোন সংশোধনী থাকলে তা পেশ করার জন্য অনুরোধ করেন। কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। জেলার বিভিন্ন সরকারি দপ্তরের বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১</td><td><u>পুলিশ বিভাগ</u> :
পুলিশ সুপার, চুয়াডাঙ্গা'র প্রতিনিধি জানান যে বর্তমানে জেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। নারী ও শিশুসহ মানবপাচার, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন এবং যে কোন অপরাধ দমনে পুলিশ বাহিনী সর্বাত্মক সহায়তা প্রদান করবে। কোথাও অস্বাভাবিক কিছু দেখলে/ কোথাও নাশকতার সম্ভাবনা থাকলে পুলিশ বিভাগকে জানালে সে বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে। মোবাইল ফোনে চাঁদাবাজিসহ সকল প্রকার অপরাধসহ জঙ্গি দমনে পুলিশ বাহিনী তৎপর আছে। আসন্ন ঈদ-উল-আযহা এ জেলায় ধর্মীয় ভাব গাম্ভীর্য ও শান্তিপূর্ণভাবে উদ্‌যাপিত হয় সে লক্ষ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ বিভাগ সতর্ক রয়েছে।</td><td>জেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ সুপার, চুয়াডাঙ্গা'কে অনুরোধ জানানো হয়।</td><td>পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।</td></tr>
<tr><td>২</td><td><u>জেলা পরিষদ</u> :
(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা সভায় অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতির চিত্র নিম্নরূপ :
<table>
<tr><th>অর্থ বছর</th><th>প্রকল্পের শিরোনাম</th><th>প্রকল্পের সংখ্যা</th><th>বরাদ্দ</th><th>ব্যয়</th><th>অগ্রগতি (%)</th></tr>
<tr><td rowspan="2">২০১৭-২০১৮</td><td>এডিপি</td><td>২৮৬টি</td><td>৬,৭৪,৬০,০০০/-</td><td>১,১০,৫৫,০০০/-</td><td>৬৫%</td></tr>
<tr><td>নিজস্ব</td><td>৬৬টি</td><td>১,১৭,৫০,০০০/-</td><td>২৯,৭৫,০০০/-</td><td>৬০%</td></tr>
</table>
বর্ণিত উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।

(খ) হাইটেক পার্ক স্থাপন :
এ জেলার জীবননগর উপজেলায় জেলা পরিষদের ১৪ (চৌদ্দ) বিঘাজমির উপর হাইটেক পার্ক স্থাপন করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য বিষয়টি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। উক্ত জমিতে হাইটেক পার্ক স্থাপন করা হলে একদিকে ডিজিটাল বাংলাদেশের পথে চুয়াডাঙ্গা এগিয়ে যাবে,অন্যদিকে এ এলাকার বেকার সমস্যা সমাধান হবে। বিস্তারিত আলোচনাক্রমে উপস্থিত সকল সদস্য উক্ত জমিতে হাইটেক পার্ক স্থাপনের বিষয়ে একমত পোষণ করেন।</td><td>(ক) নীতিমালা অনুসারে সকল উন্নয়ন প্রকল্পের কাজ তদারকি ও গুণগতমান নিশ্চিতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) জীবননগর উপজেলায় জেলা পরিষদের ১৪ (চৌদ্দ) বিঘা জমির উপর হাইটেক পার্ক স্থাপন করার বিষয়টি জেলা পরিষদের সভায় এজেন্ডাভূক্ত করার জন্য অনুরোধ জানানো হয়।</td><td>(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, চুয়াডাঙ্গা।

(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, চুয়াডাঙ্গা।</td></tr>
</table>

৩	**স্বাস্থ্য বিভাগ :** সিভিল সার্জন, চুয়াডাঙ্গা সভায় জানান, সদর হাসপাতাল, আলমডাঙ্গা, দামুড়হুদা, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগস্ট/২০১৮ মাসে বিভিন্ন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জেলায় মোট কমিউনিটি ক্লিনিক রয়েছে ১১৮টি। সভায় চুয়াডাঙ্গা ২৫০ শয্যার হাসপাতালের হস্তান্তর বুঝে নেওয়ার জন্য বিস্তারিত আলোচনা করা হয়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালসহ এ জেলার চারটি উপজেলা হাসপাতালে ডাক্তারের পদ শুন্য থাকায় সঠিক স্বাস্থ্য সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। উপস্থিত সদস্যগণ শুন্য পদে ডাক্তার পদায়নের জন্য স্বাস্থ্য বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।	(ক) হাসপাতাল দালালমুক্ত রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য সিভিল সার্জন, চুয়াডাঙ্গা' কে পুনরায় অনুরোধ জানানো হয়। (খ) চুয়াডাঙ্গা ২৫০ শয্যার হাসপাতালের হস্তান্তর বুঝে নেয়ার জন্য সিভিল সার্জনকে পুনরায় অনুরোধ জানানো হয়। (গ) চুয়াডাঙ্গা সদর হাসপাতালসহ এ জেলার চারটি উপজেলা হাসপাতালে শুন্য পদে ডাক্তার পদায়নের জন্য স্বাস্থ্য বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের পুনরায় সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।	(ক)সিভিল সার্জন, চুয়াডাঙ্গা। (খ)সিভিল সার্জন, চুয়াডাঙ্গা। (গ)সিভিল সার্জন, চুয়াডাঙ্গা ও স্বাস্থ্য বিভাগীয় উর্দ্ধতন কর্তৃপক্ষ, ঢাকা।
৪	**পৌরসভাসমূহ :** মেয়র, চুয়াডাঙ্গা, পৌরসভার প্রতিনিধি জানান বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলছে। বকেয়া হোল্ডিং ট্যাক্স, পানি বিল পরিশোধ করার জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানদেরকে পুনরায় অনুরোধ জানান। মেয়র, আলমডাঙ্গা, জীবননগর ও দর্শনা পৌরসভা, সভায় অনুপস্থিত থাকার কারণে তাঁদের বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	(ক) বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রেরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য মেয়র আলমডাঙ্গা/ জীবননগর/দর্শনা পৌরসভা'কে অনুরোধ জানানো হয়। (খ) বকেয়া পৌরকর, পানি বিল পরিশোধ করার জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানদেরকে পুনরায় অনুরোধ জানানো হয়।	(ক) মেয়র, সকল পৌরসভা, চুয়াডাঙ্গা। (খ) বিভাগীয় প্রধান(সকল), চুয়াডাঙ্গা।
৫	**উপজেলা পরিষদসমূহ :** উপজেলা নির্বাহী অফিসারগণ সভায় জানান চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বরাদ্দ পাওয়া গেলে এডিপির কাজ শুরু করা হবে। সভায় জানানো হয় উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ থাকলেও ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহ হালনাগাদ নেই। উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহ হালনাগাদ রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	প্রতি DDCC সভায় উপজেলাভিত্তিক উন্নয়নমূলক কাজসহ যাবতীয় তথ্য সম্বলিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। উপজেলা পরিষদের সার্বিক কাজকে গতিশীল করতে হবে। উপজেলা ও ইউনিয়ন পোর্টালসমূহে তথ্যের বিস্তারিত বর্ণনাসহ হালনাগাদ রাখতে হবে। উপজেলা কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ দ্রুত টেন্ডার করে কার্যাদেশ প্রদান করতে হবে এবং কাজ তদারকি ও গুণগতমান নিশ্চিত করে যথাসময়ে সম্পন্ন করতে হবে। ADP, LGSP-3 ও অন্যান্য উন্নয়নমূলক কাজ যেন ওভার ল্যাপিং না হয় সে বিষয়ে সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) চুয়াডাঙ্গা।
৬	**গণপূর্ত বিভাগ :** নিবার্হী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা'র প্রতিনিধি সভায় জানান, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে । সভায় জানানো হয় বড় বড় প্রকল্প উদ্বোধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।	(ক) চলমান প্রকল্পসমূহের কাজ তদারকি ও গুণগতমান নিশ্চিত করে যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। (খ) বড় বড় প্রকল্প উদ্বোধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা।
৭	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	কার্যপত্র প্রেরণপূর্বক আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা ।
৮	**সড়ক বিভাগ:** নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চুয়াডাঙ্গা সভায় জানান, বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে।	(ক) চলমান প্রকল্পসমূহের কাজ তদারকি ও গুণগতমান নিশ্চিত করে যথাসময়ে সম্পন্ন করার অনুরোধ জানানো হয়।	নির্বাহী প্রকৌশলী, সওজ, চুয়াডাঙ্গা ।